বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।

ফোনঃ ০২-৪১১০০২৪৪, ইমেইলঃ daosylhet@krishibank.org.bd


**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের জন্য সিলেট বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের নৈতিকতা কমিটির দ্বিতীয় ত্রৈমাসিক সভা ২৬.১২.২০২২খ্রি. তারিখ বিকেল ৪.০০ ঘটিকার সময় উপ-মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্যসহ অফিসের সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। কমিটির সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর যে সমস্ত নির্দেশাবলী ইতিমধ্যে এসেছে তা আলোচিত হয়। সময়মত শাখা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় ঝুঁকি ভিত্তিক বার্ষিক নিরীক্ষা পরিকল্পনা মোতাবেক নিরীক্ষা সম্পন্নের বিষয় আলোচিত হয়। গত ২৩.১০.২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় সিলেট বিভাগের ২২টি অগ্রিম অনুচ্ছেদ নিস্পত্তির জন্য সুপারিশ করা হয়। সভার তারিখ পর্যন্ত সিলেট বিভাগে ৫২টি শাখার অভ্যন্তরীন নিরীক্ষা ২০২২-২০২৩ অর্থবছরে সম্পন্ন হয় এবং বাণিজ্যিক নিরীক্ষার ১২টি অগ্রিম অনুচ্ছেদ নিস্পন্ন হয়। ব্যাংকের গ্রাহক, অবসরপ্রাপ্তদের দ্রুত সেবা হিসাবে দায়-দেনা প্রদান, নিরীক্ষা কালীন সময়ে আঞ্চলিক নিরীক্ষা দলসহ অত্র কার্যালয়ের নিরীক্ষা দলকে শাখা, কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের ব্যাংকের নীতিমালা, কর্ম পদ্ধতি বিষয়ে সার্বিক ধারণা প্রদান এবং অভিজ্ঞতা আদান-প্রদানের উপর গুরুত্ব আরোপ করা হয়। নিরীক্ষা দলকে শাখা/কার্যালয়ের পরিস্কার, পরিছন্নতা, সিটিজেন চার্টারে উল্লেখিত বিষয়ে তদারকি, শাখার নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে তদারকি ইত্যাদি বিস্তারিত বিষয় আলোচিত হয়। প্রতিবেদন প্রস্তুতকারীকে চলতি কোয়ার্টারের প্রতিবেদন যাচাই-বাছাই করে প্রেরণের পরামর্শ দেয়া হয়। এ বিষয়ে অধিকতর ধারণার জন্য প্রয়োজনে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সহযোগিতা গ্রহনের পরামর্শ দেয়া হয়।

সভায় আর কোন বিষয় আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(অধীর চন্দ্র দাস)
বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

নং বিনিকাসি/প্রশা-৩৬/২০২২-২০২৩/৫৮২(৬) তারিখঃ ২৬.১২.২০২২খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ-**

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীন নিয়ন্ত্রন ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, সিলেট।
০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সিলেট বিভাগ।
০৬। নথি।

২৬/১২/২২
(মোঃ সিরাজুল মনির)
মুখ্য কর্মকর্তা

মোঃ সিরাজুল মনির
মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট

F:\Md. Sirajul Manir\Sudhachar-2022-23\Oct-December-2022\Minutes.docx

বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট।

ফোনঃ ০২-৪১১০০২৪৪, ইমেইলঃ daosylhet@krishibank.org.bd

# জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির দ্বিতীয় সভা

## তারিখ ঃ ২৬.১২.২০২২খ্রি.

### বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেটে জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরসহ তালিকা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব অধীর চন্দ্র দাস | উপ-মহাব্যবস্থাপক | [signature] |
| ০২ | জনাব মোঃ সিরাজুল মনির | মুখ্য কর্মকর্তা | [signature] ২৬/১২/২২ ইং |
| ০৩ | জনাব মোঃ আবদুল মজিদ | উর্ধ্বতন কর্মকর্তা | [signature] ২৬/১২/২০২২ইং |